

বাংলাদেশের
কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেলের কার্যালয়
“অডিট ভবন”
৭৭/৭, কাকরাইল, ঢাকা-১০০০
www.cag.org.bd

নম্বরঃ সিএজি/জিবি-২/সার্কুলার/২০১৮/৫৫৩

তারিখঃ ০৬/০২/২০২০ খ্রি.

পরিপত্র

সাম্প্রতিককালে লক্ষ্য করা যাচ্ছে যে, অডিট এন্ড একাউন্টস্ ডিপার্টমেন্টে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের মধ্যে বহিঃ বাংলাদেশ ছুটি গ্রহণের প্রবণতা ক্রমশঃ বৃদ্ধি পাচ্ছে। কর্মকর্তা/কর্মচারীদের এরূপ ঘন ঘন ও দীর্ঘমেয়াদি ছুটি গ্রহণের ফলে সংশ্লিষ্ট দপ্তরের স্বাভাবিক কার্যক্রমসহ জরুরি গুরুত্বপূর্ণ বিষয়ে নথিপত্র নিষ্পত্তি ও সিদ্ধান্ত গ্রহণ কার্যক্রম বাধাগ্রস্ত হয়। দেখা গিয়েছে কোন কোন ক্ষেত্রে কোন এক পঞ্জিকাভবর্ষে বা অর্ধবছরে দুই/তিন বার বহিঃ বাংলাদেশ ছুটির আবেদনও প্রেরিত হয় নিছক ছোটখাটো ব্যক্তিগত কারণ উল্লেখপূর্বক যা কোনভাবে সুকর্মকর্তাসুলভ আচরণের সাথে সঙ্গতিপূর্ণ নয়। আরো পরিদর্শিত হয়েছে যে, জনস্বার্থ ও দাপ্তরিক কাজের গুরুত্ব যথাযথভাবে বিবেচনায় না নিয়ে ৯ম গ্রেড হতে তদুর্ধ্ব গ্রেডভুক্ত কর্মকর্তাগণের এতদসংক্রান্ত আবেদনসমূহ প্রয়োজনীয় যাচাই-বাছাই ব্যতীত স্ব-স্ব কার্যালয় হতে সুপারিশসহ সিএজি কার্যালয়ে প্রেরণ করা হচ্ছে, যা প্রত্যাশিত নয়।

২। এমতাবস্থায়, এই পরিপত্র জারি হওয়ার পর হতে কর্মকর্তা/কর্মচারী কর্তৃক আবেদনকৃত ছুটির প্রকৃত প্রয়োজন ও উদ্দেশ্যের প্রতি লক্ষ্য রেখে এতদসংক্রান্ত আবেদনসমূহ বাংলাদেশ সার্ভিস রুলস্ (পার্ট-১)-এর বিধি-১৫১ ও এতদসংশ্লিষ্ট অন্যান্য ধারাসহ মন্ত্রিপরিষদ বিভাগের ২১ জুলাই, ২০০৯ খ্রি. তারিখের পত্র নং- ১(৬৮)/২০০৮-মপবি (সাঃ অঃ)/৩৩৩ (কপি সংযুক্ত); প্রধানমন্ত্রীর কার্যালয়ের ১৯ জুন, ২০১১ খ্রি. তারিখের সার্কুলার নং- ০৩.০৬৯.০২৫.০৬.০০. ০০০৩.২০১১-১৪৪(৫০০) (কপি সংযুক্ত); নির্ধারিত ছুটি বিধিমালা-১৯৫৯ এবং সর্বশেষ জারিকৃত সরকারের অন্যান্য নির্দেশাবলী যথাযথভাবে অনুসরণপূর্বক প্রয়োজনীয় যাচাই-বাছাই-এর মাধ্যমে ছুটির আবেদন নির্ধারিত সময়ের পূর্বে এই কার্যালয়ে প্রেরণসহ প্রকৃত প্রয়োজন ব্যতীত ছুটির আবেদন নিরুৎসাহিত করার জন্য আদিষ্ট হয়ে অনুরোধ করা যাচ্ছে।

৩। এই আদেশ অবিলম্বে কার্যকর হবে।


স্বাক্ষরিত/-
(মোসাঃ মাকসুদা বেগম)
অতিরিক্ত উপ-মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক (প্রশাসন)
ফোনঃ ৯৩৩১১৭১

নম্বরঃ সিএজি/জিবি-২/সার্কুলার/২০১৮/৫৫৩ (১০০)

তারিখঃ ০৬/০২/২০২০ খ্রি.

অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. হিসাব মহানিয়ন্ত্রক, হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা (আওতাধীন কার্যালয়সমূহকে অবহিতকরণের অনুরোধসহ)
২. কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স, কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স-এর কার্যালয়, সেগুনবাগিচা, ঢাকা (আওতাধীন কার্যালয়সমূহকে অবহিতকরণের অনুরোধসহ)
৩. উপ-মহা হিসাব-নিরীক্ষক ও নিয়ন্ত্রক (সিনিয়র), সিএজি কার্যালয়, ঢাকা।
৪. অতিরিক্ত মহাপরিচালক (অর্থ), অতিরিক্ত মহাপরিচালক (অর্থ)-এর কার্যালয়, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।
৫. মহাপরিচালক, ফিন্যান্সিয়াল ম্যানেজমেন্ট একাডেমী (ফিমা), এ/৭, লালাসরাই, মিরপুর-১৪, ঢাকা।
৬. সিনিয়র ফাইন্যান্স কন্ট্রোলার (আর্মি), সিনিয়র ফাইন্যান্স কন্ট্রোলার (আর্মি)-এর কার্যালয়, ঢাকা সেনানিবাস, ঢাকা (আওতাধীন কার্যালয়সমূহকে অবহিতকরণের অনুরোধসহ)
৭. উপ-মহা হিসাব-নিরীক্ষক ও নিয়ন্ত্রক (এএন্ডআর), সিএজি কার্যালয়, ঢাকা।
৮. উপ-মহা হিসাব-নিরীক্ষক ও নিয়ন্ত্রক (পদ্ধতি), সিএজি কার্যালয়, ঢাকা।
৯. মহাপরিচালক, বৈদেশিক সাহায্যপুস্ত প্রকল্প অডিট/পরিবহন অডিট/শিল্প, বাণিজ্য ও আর্থিক প্রতিষ্ঠান অডিট/ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ অডিট/গৃহায়ণ ও ভৌত অবকাঠামো অডিট/পার্বত্য চট্টগ্রাম, পল্লী উন্নয়ন ও স্থানীয় প্রতিষ্ঠান অডিট/বিজ্ঞান, তথ্য এবং প্রযুক্তি অডিট/বিদ্যুৎ, জ্বালানী ও প্রাকৃতিক সম্পদ অডিট/পররাষ্ট্র ও প্রবাসী কল্যাণ অডিট/প্রতিরক্ষা অডিট/রাজস্ব অডিট/শিক্ষা, সংস্কৃতি ও ধর্ম বিষয়ক অডিট/ আর্থিক ও উপযোজন হিসাব অডিট/আইটি অডিট/জনপ্রশাসন ও সাংবিধানিক প্রতিষ্ঠান অডিট/কৃষি এবং পরিবেশ অডিট/সামাজিক নিরাপত্তা ও কল্যাণ অডিট অধিদপ্তর, ঢাকা।
১০. সিনিয়র ফাইন্যান্স কন্ট্রোলার- নৌবাহিনী/বিমানবাহিনী/পূর্ত/প্রতিরক্ষা ক্রয়, ঢাকা সেনানিবাস, ঢাকা।
১১. এডিশনাল চিফ কন্ট্রোলার অব ডিফেন্স ফাইন্যান্স (বিওএফ), গাজীপুর সেনানিবাস, গাজীপুর।
১২. অতিরিক্ত উপ-মহা হিসাব-নিরীক্ষক ও নিয়ন্ত্রক- প্রশাসন/পার্সোনেল/পদ্ধতি/সংসদ/পরিচালক (আরএন্ডডি/ একিউএসি), সিএজি কার্যালয়, ঢাকা।
১৩. পরিচালক (এমআইএস), সিএজি কার্যালয়, ঢাকা (আদেশটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১৪. চিফ একাউন্টস্ এন্ড ফিন্যান্স অফিসার, সিএজি, পিএসসি ও নির্বাচন কমিশন/অর্থ বিভাগ ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, সেগুনবাগিচা, ঢাকা।
১৫. ডিভিশনাল কন্ট্রোলার অব একাউন্টস্- ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট/বরিশাল/রংপুর ডিভিশন (আওতাধীন কার্যালয়সমূহকে অবহিতকরণের অনুরোধসহ)
১৬. কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল মহোদয়ের একান্ত সচিব, সিএজি কার্যালয়, ঢাকা।
১৭. অডিট এন্ড একাউন্টস্ অফিসার, প্রশাসন/জিবি-১/জিবি-৩/বাসা বরাদ্দ/শৃঙ্খলা ও আপীল/এইচআর সেল/ এসিআর শাখা, সিএজি কার্যালয়, ঢাকা।
১৮. সংশ্লিষ্ট কর্মকর্তা জনাব
১৯. অফিস কপি/গার্ড ফাইল।


(মোসাঃ আমিরুল ইসলাম প্রামাণিক)
অডিট এন্ড একাউন্টস্ অফিসার
জিবি-২ শাখা